

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.১০৭৫.২০১৬- ৫২৭


তারিখ : ২৭/২/১৭

বিষয় : রীট পিটিশন নং-৬১৯৩/২০১৬, বাদী জনাব কামরুন নাহার শিল্পী, স্বামী-আব্দুস সালাম (শামিম), বিএম কলেজ রোড, কলেজ পাড়া, ওয়ার্ড নং-২০, বরিশাল সিটি কর্পোরেশন, জেলা-বরিশাল-বনাম-সরকার ও অন্যান্য।

বরিশাল জেলার বরিশাল সিটি কর্পোরেশন ২০নং ওয়ার্ডের সরকারী জায়গার উচ্ছেদ আদেশকে চ্যালেঞ্জ বাদী কর্তৃক রীট পিটিশন নং-^{৬২৭}৬১৯৩/২০১৬ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত status quo বজায় রাখার আদেশ রুল ইস্যুপূর্বক ৭নং বিবাদী এ বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালত কর্তৃক ২ মাসের জন্য স্থগিতকরতঃ রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব (আইন-১)
ফোন-৯৫৪০৯৯৫।

- ১। জেলা প্রশাসক
বরিশাল।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
বরিশাল।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।